দৈনিক সংবাদ

তারিখ MAR 2 1999
পৃষ্ঠা 2 কলাম ৪

103

# মিরপুর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মচারীদের বিক্ষোভ সমাবেশ

গতকাল সোমবার মিরপুর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে কর্মচারীদের পক্ষপাতমূলক শাখা বদলির বিরুদ্ধে বিক্ষুব্ধ কর্মচারীরা বিক্ষোভ সমাবেশ, মিছিল ও মহাপরিচালক ও পরিচালক (প্রশাসন)-এর অফিসের সামনে অবস্থান ধর্মঘট করেন।

সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে সর্বস্তরের কর্মচারীর শাখা বদলি ও প্রস্তাবিত নিয়োগবিধি বাস্তবায়নের দাবি জানিয়ে বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন মোঃ বেলায়েত হোসেন চৌধুরী, আবু তালেব খান, মোঃ আখতার হোসেন ও খায়ের আহমেদ মজুমদার। খবর সংবাদ বিজ্ঞপ্তির।